

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৭৩৭

(كتاب الشروط) क्श कार्या (كتاب الشروط)

পরিচ্ছেদঃ ৫৪/১৮. ওয়াকেফর ব্যাপারে শর্তাবলী

بَابُ الشُّرُوطِ فِي الْوَقْفِ

আরবী

বাংলা

২৭৩৭. ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত যে, 'উমার ইবনু খান্তাব (রাঃ) খায়বারে কিছু জমি লাভ করেন। তিনি এ জমির ব্যাপারে পরামর্শের জন্য আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট এলেন এবং বললেন, 'হে আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)! আমি খায়বারে এমন উৎকৃষ্ট কিছু জমি লাভ করেছি যা ইতিপূর্বে আর কখনো পাইনি। আপনি আমাকে এ ব্যাপারে কী আদেশ দেন? আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'তুমি ইচ্ছা করলে জমির মূলসত্ত্ব ওয়াক্ষে রাখতে এবং উৎপন্ন বস্তু সাদাকা করতে পার।' ইবনু 'উমার (রাঃ) বলেন, 'উমার (রাঃ) এ শর্তে তা সাদাকা (ওয়াক্ষ্য) করেন যে, তা বিক্রি করা যাবে না, তা দান করা যাবে না এবং কেউ এর উত্তরাধিকারী হবে না।' তিনি সাদাকা করে দেন এর উৎপন্ন বস্তু অভাবগ্রস্ত, আত্মীয়স্কজন, দাসমুক্তি, আল্লাহর রাস্তায়, মুসাফির ও মেহমানদের জন্য। (রাবী আরও বললেন) যে এর মুতাওয়াল্লী হবে তার জন্য সম্পদ সঞ্চয় না করে ন্যায়সঙ্গতভাবে খাওয়া ও খাওয়ানোতে কোন দোষ নেই। অতঃপর আমি ইবনু সীরীন (রহ.)-এর নিকট হাদীস বর্ণনা করলে তিনি বলেন, অর্থাৎ মাল জমা না করে। (২৩১৩) (আধুনিক প্রকাশনীঃ ২৫৩৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৫৪৮)



English

Narrated Ibn `Umar:

Umar bin Khattab got some land in Khaibar and he went to the Prophet (ﷺ) to consult him about it saying, "O Allah's Messenger (ﷺ) I got some land in Khaibar better than which I have never had, what do you suggest that I do with it?" The Prophet (ﷺ) said, "If you like you can give the land as endowment and give its fruits in charity." So `Umar gave it in charity as an endowment on the condition that would not be sold nor given to anybody as a present and not to be inherited, but its yield would be given in charity to the poor people, to the Kith and kin, for freeing slaves, for Allah's Cause, to the travelers and guests; and that there would be no harm if the guardian of the endowment ate from it according to his need with good intention, and fed others without storing it for the future."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন